

বেসরকারি প্রাথমিক বিদ্যালয় বেতন বৃদ্ধির দাবিতে তিন দিনের কর্মসূচি ঘোষণা

নিজস্ব বার্তা পরিবেশক

বেসরকারি প্রাথমিক বিদ্যালয়গুলোর সহকারী শিক্ষকদের সরকারি প্রাথমিক বিদ্যালয়গুলোর শিক্ষকদের সমান ছেল প্রদানসহ ৮ দফা দাবি বাস্তবায়নের লক্ষ্যে বেসরকারি প্রাথমিক শিক্ষক সমিতি ৩ দিনের এক কর্মসূচি ঘোষণা করেছে। কর্মসূচির মধ্যে রয়েছে আগামী ৮ জুন উপজেলা নির্বাহী অফিসের মাধ্যমে প্রধান উপদেষ্টার নিকট স্মারকলিপি পেশ, ৯ ও ১০ জুন কর্মরত সব শিক্ষক/শিক্ষিকার কালোব্যান্ড ধারণ। এই দাবিদায়ী আগামী বাজেটের আগে বাস্তবায়িত না হলে বৃহত্তর আন্দোলনের কর্মসূচি ঘোষণার করার হুমকি দেন শিক্ষক নেতারা। গতকাল বিকেলে ফটো জার্নালিস্ট এনোনিমিউসনে বেসরকারি প্রাথমিক শিক্ষক

সমিতি আয়োজিত এক সংবাদ সম্মেলনে বেসরকারি প্রাথমিক শিক্ষক নেতৃবৃন্দ এ দাবি জানান। সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন বেসরকারি প্রাথমিক শিক্ষক সমিতির মহাসচিব মো. আব্দুল রহমান বাচ্চু। এ সময় অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন কেন্দ্রীয় কমিটির ভার-প্রাপ্ত সভাপতি নাসির উদ্দিন আহমেদ, সিনিয়র সহ-সভাপতি মো. আব্দুল জলিল সিকদার, মো. হুমায়ন কবির, আবু সর্বেশুর নাসা প্রমুখ। সরকারি প্রাথমিক বিদ্যালয়গুলোর শিক্ষকদের ন্যায় অবসর ভাতা প্রদানের দাবি জানিয়ে সংবাদ সম্মেলনে শিক্ষক নেতৃবৃন্দ বলেন, প্রায় ১৬ বছর ধরে বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ে কর্মরত শিক্ষক/শিক্ষিকাদের চাকরি জাতীয়করণের একদফা দাবি বাস্তবায়নের লক্ষ্যে বিভিন্ন আন্দোলনে কর্মসূচি পালন করছেন।